বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৪০

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৬১ তম কমিশন সভার সিদ্ধান্ত।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৬১ তম কমিশন সভা গত ০১/০৭/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। পুঁজিবাজারে তালিকাভুক্ত বস্ত্র খাতের কোম্পানি রিং শাইন টেক্সটাইল লিমিটেড প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রতিটি ১০ টাকা মূল্যের ২৭,৫১,০৪,৮২০ টি শেয়ার ইস্যু করে ২৭৫.১০ কোটি টাকা মূলধন বৃদ্ধি করে তার পরিশোধিত মূলধন ৯.৯৫ কোটি টাকা হতে ২৮৫.০৫ কোটি টাকায় উন্নীত করে। পরবর্তীতে অর্থ জমা ব্যতীত প্রাইভেট প্লেসমেন্টে শেয়ার ইস্যু বা বরাদ্দের মাধ্যমে ২৭৫ কোটি টাকার মূলধন বৃদ্ধি সংশ্লিষ্ট সংঘবদ্ধ আর্থিক জালিয়াতির অভিযোগ উঠে এবং এ বিষয়ে তদন্ত পরিচালিত হয়। তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে কমিশন আইনি প্রক্রিয়ায় শুনানী শেষে রিং শাইন টেক্সটাইল লিমিটেড এর প্রাইভেট প্লেসমেন্ট শেয়ারের অনিয়মে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। এ সংক্রান্ত বিস্তারিত নিম্নরূপ:

ক) আইপিও প্রসপেক্টাসে মিথ্যা ও বানোয়াট (false and fabricated) তথ্য সরবরাহ করার কারণে রিং শাইন টেক্সটাইলস লিমিটেড এর উদ্যোক্তা, তৎকালীন পরিচালকগণ, তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক, তৎকালীন নির্বাহী পরিচালকসহ মোট ০৯ জন এবং কোম্পানিটির তৎকালীন সিএফও ও কোম্পানী সচিব সহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ কর্তৃক সংঘটিত কোম্পানীর প্রি-আইপিও প্লেসমেন্ট সংক্রান্ত সংঘবদ্ধ আর্থিক দুর্নীতির বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি দুর্নীতি দমন কমিশন (দুদক)-এ প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইস্যু ম্যানেজারের পরিবর্তে জনাব আব্দুল কাদের ফারুকের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে সংঘটিত রিং শাইন টেক্সটাইলস লিমিটেডের শেয়ার প্লেসমেন্ট সংক্রান্ত দুর্নীতির প্রেক্ষিতে তৎকালীন পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক, কোম্পানী সচিব এর বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্যও বিষয়টি দুর্নীতি দমন কমিশন (দুদক)-এ প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও রিং শাইন টেক্সটাইলস লিমিটেড উক্ত উদ্যোক্তা/ তৎকালীন পরিচালকগণ, ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালক, সিএফও ও কোম্পানী সচিব সহ সংশ্লিষ্ট Abdul Kader Faruk ও Ashok Kumar Chirimar (ভারতীয় নাগরিক)-সহ মোট ১৩ জন এর দেশত্যাগে নিষেধাজ্ঞা আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) রিং শাইন টেক্সটাইলস লিমিটেড এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে থাকা ২ টি ইস্যু ব্যবস্থাপক প্রতিষ্ঠান (AFC Capital Limited ও CAPM Advisory Limited) আইপিও প্রসপেক্টাসে এবং Due diligence certificate -এ মিথ্যা তথ্য প্রদান করে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ন করায় উক্ত সময়ে দায়িত্বে থাকা ইস্যু ব্যবস্থাপকদ্বয়ের প্রধান নিবার্হী কর্মকর্তাদেরকে (CEO) ৫ বছর পুঁজিবাজার সংক্রান্ত সকল ধরনের কাজে নিষিদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ইস্যু ব্যবস্থাপকদ্বয়ের নিবন্ধন সনদ বাতিল করার প্রক্রিয়া শুরুরও সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) রিং শাইন টেক্সটাইলস লিমিটেড এর সংশ্লিষ্ট হিসাব বছরের (২০১৫-১৬,১৬-১৭,১৭-১৮,১৮-১৯ ও ২০১৯-২০২০) মিথ্যা ও বানোয়াট (false and fabricated) আর্থিক বিবরণী প্রত্যয়ন করায় সংশ্লিষ্ট ৪ টি নিরীক্ষক প্রতিষ্ঠান (Ahmed & Akhter, Chartered Accountants; Shiraz Khan Basak & Co., Chartered Accountants; Mahfel Huq & Co., Chartered Accountants; ATA Khan & Co., Chartered Accountants) এবং তাদের পার্টনারদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC)-এ অভিযোগ দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) রিং শাইন টেক্সটাইলস লিমিটেড এর বহিরাগত (External) প্লেসমেন্ট হোল্ডারগণ যারা কোম্পানীর হিসাবে অর্থ জমা না দিয়ে অথবা আংশিক জমা দিয়ে তাদের নামে শেয়ার বরাদ্দ নেয়ার মাধ্যমে অর্থ আত্মসাৎ করেছেন এমন প্লেসমেন্ট হোল্ডারদের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি দুর্নীতি দমন কমিশন (দুদক)-এ প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) রিং শাইন টেক্সটাইলস লিমিটেড এর শেয়ার প্লেসমেন্ট সংক্রান্ত যে দুর্নীতি সংগঠিত হয়েছিল তার মূলহোতা হিসাবে দায়ী Abdul Kader Faruk এবং তার সাথে সংশ্লিষ্ট হিসাবে Ashok Kumar Chirimar (ভারতীয় নাগরিক) এর বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি দুর্নীতি দমন কমিশন (দুদক)-এ প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। Prime Finance and Investment Limited উপর পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত Prime Finance and Investment Limited, PFI Securities Limited এবং Prime Finance Capital Management Limited কর্তৃক মার্জিন ঋণের মাধ্যমে সংঘটিত ২৯৬ কোটি টাকার মানি লন্ডারিং এর বিষয়ে এবং উক্ত কোম্পানিগুলোর তৎকালীন পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালকদের দেশত্যাগে নিষেধাজ্ঞা আরোপের ব্যবস্থা গ্রহণের জন্য পরিদর্শন প্রতিবেদনটি দুর্নীতি দমন কমিশন (দুদক)-এ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৪/০৭/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র